# Johnson & Johnson/Janssen COVID-19
# টিকা সম্পর্কে হালনাগাদকৃত তথ্য

Johnson & Johnson/Janssen COVID-19 টিকাটির সাথে সম্পর্কিত একটি সম্ভাব্য স্বাস্থ্য সমস্যা সম্পর্কে তদন্তের জন্য সংক্ষিপ্ত বিরতির পর টিকাটি আবার NYC এর 18 বছর এবং তার বেশি বয়স্ক ব্যক্তিদের জন্য ব্যবহৃত হচ্ছে। NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি দপ্তর (NYC স্বাস্থ্য দপ্তর) কর্তৃক Johnson & Johnson টিকা ও অন্যান্য অনুমোদিত COVID-19 টিকার নিরাপত্তা ও কার্যকারিতার উপর বিশ্বাস জারি রাখা হয়েছে। নিজেকে, নিজের প্রিয়জন ও আমাদের কম্যুনিটিকে COVID-19 থেকে রক্ষা করতে সবচেয়ে গুরুত্বপূর্ণ যে কাজটি আপনি করতে পারেন তা হল টিকা নেওয়া।

**Johnson & Johnson টিকা ব্যবহারে কেন বিরতি দেয়া হয়েছিল?**

Johnson & Johnson টিকা গ্রহণকারী ছয়জন ব্যক্তির মধ্যে একটি বিরল রক্ত জমাট বাঁধার ঘটনার পর এপ্রিল 13, 2021 তারিখে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) এবং খাদ্য ও ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA) কর্তৃক এই টিকাটির ব্যবহার অস্থায়ীভাবে বন্ধ রাখতে বলা হয়। ঘটনাগুলো জানা যায় CDC ও FDA এর টিকা নিরাপত্তা পর্যবেক্ষণ ব্যবস্থার মাধ্যমে। টিকাটির ব্যবহারে বিরতি দেয়া হয় যেন বাড়তি তথ্য সংগ্রহ ও পর্যালোচনা করা যায়।

**তদন্তে কী জানা গেছে?**

এপ্রিল 21, 2021 তারিখ পর্যন্ত, Johnson & Johnson টিকার অনুমোদন পাওয়ার পর যে প্রায় 8 মিলিয়ন মানুষ এই টিকা নিয়েছেন তাদের মধ্যে 15 জনের ক্ষেত্রে রক্তে অণুচক্রিকার সংখ্যা কমে যাওয়াসহ একটি বিরল ধরনের রক্ত জমাট বাঁধার ঘটনা দেখা গেছে। এই অবস্থার নাম হচ্ছে থ্রম্বোসাইটোপেনিয়াসহ (রক্তের অণুচক্রিকার সংখ্যা কমে যাওয়া) থ্রম্বোসিস (রক্ত জমাট বাঁধা) সিনড্রোম (thrombosis with thrombocytopenia syndrome, TTS)। মহিলাদের ক্ষেত্রে TTS এ আক্রান্ত ব্যক্তিদের সবার বয়স ছিল 18 থেকে 59 এর মধ্যে, যাদের লক্ষণগুলো টিকা নেওয়ার ছয় থেকে 15 দিনের মধ্যে দেখা দেয়। এই হারটি হচ্ছে 18 থেকে 49 বছর বয়স্ক টিকাগ্রহণকারী নারীদের মধ্যে প্রতি এক মিলিয়নে সাত জনের TTS এ আক্রান্ত হওয়ার সমান এবং 50 ও তার উর্ধ্ববয়সী টিকাগ্রহণকারী নারীদের মধ্যে প্রতি এক মিলিয়নে এক জনেরও কম। টিকার ক্লিনিক্যাল ট্রায়ালসমূহে একজন পুরুষ অংশগ্রহণকারীও TTS এ আক্রান্ত হয়েছিলেন।

**CDC এবং FDA এই টিকার ব্যবহার সম্পর্কে কী বলে?**

CDC এবং FDA জানিয়েছে যে 18 বছর এবং তার বেশি বয়স্ক ব্যক্তিদেরকে Johnson & Johnson টিকা দেয়া জারি রাখা হবে। এই সিদ্ধান্তটি নেওয়া হয়েছে টিকাদান কার্যক্রম সংক্রান্ত উপদেষ্টা কমিটির একটি পরামর্শ অনুসারে, যেটি হচ্ছে চিকিৎসা ও জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত একটি স্বাধীন গ্রুপ, যারা উপস্থিত তথ্য ও উপাত্ত পর্যালোচনা করেছেন এবং টিকাটি

নেওয়ার ফলে সম্ভাব্য স্বাস্থ্য ঝুঁকিগুলোকে এর সুবিধার বিপরীতে তুলনা করে দেখেছেন। যারা এই টিকাটি নেবেন, বিশেষ করে 50 বছর বা তার কমবয়সী নারীগণ, তাদের উচিত TTS এর বিরল তবে বর্ধিত ঝুঁকি সম্পর্কে জেনে রাখা এবং মনে রাখা যে COVID-19 টিকার অন্যান্য বিকল্পসমূহও রয়েছে যেগুলোর ক্ষেত্রে এই ঝুঁকি দেখা যায়নি।

**এই নিরাপত্তা সমস্যার পরেও কেন NYC তে এই টিকা ব্যবহার জারি রাখা হয়েছে?**

TTS এর ঝুঁকি খুবই কম, এবং টিকাটি COVID-19 জনিত গুরুতর অসুস্থতা, হাসপাতালে ভর্তি হওয়া ও মৃত্যু প্রতিরোধে অত্যন্ত কার্যকর। এখন যেহেতু আমরা ঝুঁকিটি সম্পর্কে জানি, সেহেতু আমরা Johnson & Johnson টিকা গ্রহণকারী ব্যক্তিদেরকে TTS এর সম্ভাব্য লক্ষণগুলো সনাক্ত করার উপায়গুলো সম্পর্কে বলতে পারি যাতে তারা তৎক্ষণাৎ সেবা নিতে পারেন। স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীরাও এই ঝুঁকি সম্পর্কে এখন অবগত, যার মানে হচ্ছে তারা Johnson & Johnson টিকা নেওয়ার পর TTS এ আক্রান্ত হওয়া ব্যক্তিদের রোগ নির্ণয় ও চিকিৎসা করতে পারবেন। কোনো ওষুধ, চিকিৎসা বা টিকাই 100% ঝুঁকিমুক্ত নয়।

**আমি যদি Johnson & Johnson টিকা নেওয়ার সিদ্ধান্ত নিই, তাহলে কি আমাকে বাড়তি কোনো পূর্বসতর্কতা নিতে হবে?**

Johnson & Johnson টিকা থেকে আপনার TTS হওয়ার সম্ভাবনা যদিও খুবই কম, আপনার উচিত হবে টিকা নেওয়ার পর তিন সপ্তাহ পর্যন্ত সম্ভাব্য লক্ষণগুলোর ব্যাপারে সতর্ক থাকা, যেমন:

- শ্বাসকষ্ট
- বুকে ব্যথা হওয়া
- পা ফুলে যাওয়া
- তলপেটে দীর্ঘমেয়াদী ব্যথা
- গুরুতর বা দীর্ঘমেয়াদী মাথাব্যথা
- চোখে ঝাপসা দেখা
- সহজে আঘাতের দাগ পড়া
- ইনজেকশনের স্থান ছাড়িয়ে চামড়ার নিচে ছোট ছোট লাল বিন্দু তৈরি হওয়া

টিকা নেওয়ার তিন সপ্তাহের মধ্যে যদি আপনার এই লক্ষণগুলোর মধ্যে কোনোটি দেখা দেয়, তৎক্ষণাৎ চিকিৎসা সেবা নিন - নিকটস্থ হাসপাতালে চলে যান বা **911** এ ফোন করুন। চিকিৎসাদানকারী প্রতিষ্ঠানকে জানান যে আপনি Johnson & Johnson টিকা নিয়েছেন।

অন্য দিকে, টিকা নেওয়ার পর যে সব পার্শ্ব প্রতিক্রিয়াসমূহ স্বাভাবিক তার মধ্যে আছে বাহুর যেখানে আপনি টিকা নিয়েছিলেন সেখানে ব্যথা হওয়া ও ফুলে যাওয়া, ক্লান্তি, হালকা ব্যথা ভাব, কাঁপুনি, হালকা মাথাব্যথা বা হালকা জ্বর। এসব পার্শ্ব প্রতিক্রিয়াগুলো প্রত্যাশিত এবং সাধারণত টিকা গ্রহণের প্রথম তিন দিনের মধ্যেই দেখা দেয় (সবচেয়ে বেশি দেখা যায় টিকা গ্রহনের পরের দিন) এবং শুরু হওয়ার পর এক থেকে দুই দিন পর্যন্ত স্থায়ী থাকে।

**অন্যান্য COVID-19 টিকাগুলোর ফলে কি TTS হওয়ার ঝুঁকি আছে?**

যুক্তরাষ্ট্রে Pfizer-BioNTech ও Moderna COVID-19 টিকাসমূহের 200 মিলিয়নেরও বেশি ডোজ প্রদান করা হয়েছে এবং TTS কে এগুলোর সাথে সম্পর্কিত করা হয়নি। যারা Johnson &

Johnson টিকাটি নিতে চান না তাদেরকে আমরা জোর দিয়ে বলব এই টিকাগুলোর মধ্য থেকে একটি নেওয়ার কথা ভাবতে।

NYC জুড়ে শত শত টিকাদান কেন্দ্র উপলব্ধ রয়েছে। একটি টিকাদান কেন্দ্র খুঁজে পেতে (প্রতিটি কেন্দ্রে যে সব টিকা দেয়া হচ্ছে তার তালিকা দেয়া আছে) **vaccinefinder.nyc.gov** ভিজিট করুন অথবা একটি শহর-পরিচালিত কেন্দ্রে অ্যাপয়েন্টমেন্ট সংক্রান্ত সহায়তার জন্য 877-829-4692 নম্বরে কল করুন। অনেক কেন্দ্রে সরাসরিও চলে যাওয়া যাচ্ছে। শহর-পরিচালিত সরাসরি উপস্থিত হওয়া যাচ্ছে এমন কেন্দ্রগুলোর একটি তালিকার জন্য এখানে দেখুন।

**টিকার নিরাপত্তা সম্পর্কিত অন্য কোনো সমস্যা নেই তা আমরা কিভাবে জানব?**

CDC, FDA এবং অন্যান্য গ্রুপসমূহ দ্বারা COVID-19 টিকাসমূহকে নিবিড় নিরাপত্তা পর্যবেক্ষণের মধ্য দিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। যুক্তরাষ্ট্র জুড়ে লক্ষ লক্ষ ডোজ টিকা দেয়ার পর সেখান থেকে স্বল্প সংখ্যক TTS এর ঘটনা সনাক্ত হওয়া এবং ফলশ্রুতিতে Johnson & Johnson টিকা ব্যবহারে বিরতি দেয়া প্রমাণ করে যে নিরাপত্তা ব্যবস্থাগুলো কাজ করছে এবং নিরাপত্তা ও স্বচ্ছতাকে সর্বোচ্চ গুরুত্ব দেয়া হচ্ছে। সম্ভাব্য নিরাপত্তা সমস্যাসহ টিকাসমূহ সম্পর্কে সকল তথ্য সবাইকে জানাতে আমরা প্রতিজ্ঞাবদ্ধ।

**কোথায় আমি আরো তথ্য পাব?**

আপনার যদি কোনো প্রশ্ন থাকে, দয়া করে আপনার প্রদানকারীকে অথবা **311** নম্বরে ফোন করুন। COVID-19 টিকা সম্পর্কে তথ্য ও পরিষেবার জন্য, **nyc.gov/covidvaccine** ভিজিট করুন। FDA এর সংশোধিত Johnson & Johnson টিকার রোগীদের জন্য তথ্য পত্র এখানে পাওয়া যাবে। বাড়তি তথ্য উপলব্ধ রয়েছে এখানে CDC এর ওয়েবসাইটে।

**পরিস্থিতি যেমন হবে সেই অনুযায়ী NYC স্বাস্থ্য দপ্তর তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে।** 4.29.21